# ২০২৫

## বাংলা — সাম্মানিক

**পত্র ঃ SEC-3**

**[ব্যবহারিক বাংলা - ২]**

**পূর্ণমান - ৭৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) নিচের গল্পসূত্র থেকে কমবেশি ৪০০ শব্দে একটি কাহিনি নির্মাণ করো—

আগরতলার রামমোহন স্কুলের বাংলার মাস্টার ক্ষিতীশ হালদার। সকলের প্রিয় এই মাস্টারমশাই আজ অবসর নেবেন। সারা জীবন নিজের আদর্শে অবিচল থেকেছেন। তাঁর কর্মজীবনে বহু সফল ছাত্রছাত্রী তৈরি করেছেন। তবে, এরই মাঝে তাঁর মনে পড়ে যায় সেই মেধাবী ছেলে সিদ্ধার্থর কথা। আর্থিক কারণে তাকে মাঝপথে পড়া ছাড়তে হয়েছিল। ক্ষিতীশবাবু দেখলেন, তাঁর এই অবসরের দিন যেন সে এসে দাঁড়িয়েছে এই ঘরেরই কোণে। ক্ষিতীশবাবু আশ্চর্য হয়ে যান সিদ্ধার্থর বয়স এতদিনে এতটুকুও বাড়েনি দেখে। সে বোধহয় কিছু বলতে চায়। ক্ষিতীশবাবু ডেকে নেন তাকে। সে স্টেজের দিকে এগিয়ে এলো ধীর পায়ে। তারপর— ১৫

*অথবা*

(খ) নিম্নলিখিত কাহিনি অবলম্বনে একটি চিত্রনাট্য রচনা করো।

আমার বাবার খুবই প্রিয় ছাত্র ছিল শরদিন্দুদা। সুপ্রীতিদি পড়ত ওদের এক ক্লাস নিচে। রজনীকান্ত, অতুলপ্রসাদের গান খুব ভালো গাইত প্রীতিদি। মা একবার নদীতে স্নান সেরে ঘরে ফেরার পথে দেখেছিল, মাঠের পথ দিয়ে শরদিন্দুদা সাইকেল চালিয়ে আসছে, সাইকেলের সামনের সিটে সুপ্রীতিদি। চুল উড়ছে মাঠের হাওয়ায়। শরদিন্দুদা তখন ক্লাস ইলেভেনের ছাত্র, সুপ্রীতিদির ক্লাস টেন। আরেকবার স্কুলের পিকনিকে অন্ত্যাক্ষরী খেলতে গিয়ে সুপ্রীতিদির শেষ করা গানের শেষ অক্ষর দিয়ে শুরু করার কথা শরদিন্দুদার, কিন্তু গান না মনে পড়ায় শরদিন্দুদার হার, তার থেকে রাগ, কথা বলা-মুখ দেখাদেখি বন্ধ, তার কয়েকদিন পরেই আবার লাল বাঁধের উপর দুজনকেই আমরা দেখেছিলাম হাত ধরাধরি করে হাঁটছে আর হাসিমুখে একটা কবিতার কয়েকটা লাইন একবার শরদিন্দুদা আরেকবার সুপ্রীতিদি আবৃত্তি করতে করতে আসছে। নদীর বাঁকটা ঘুরতেই শুনলাম শরদিন্দুদার সেই উদাত্ত উচ্চারণ—

"উড়াব ঊর্ধ্বে প্রেমের নিশান দুর্গম পথমাঝে,
দুর্দম বেগে দুঃসহতম কাজে—"

তখন প্রীতিদির গভীর ও সুরেলা কণ্ঠ ধ্বনিত হয়...

'রুক্ষ দিনের দুঃখ পাই তো পাব,
চাই না শান্তি, সান্ত্বনা নাহি চাব—'

**Please Turn Over**

শরদিন্দুর গলা এবার উদাত্ততর হয়...

'পাড়ি দিতে নদী, হাল ভাঙে যদি, ছিন্ন পালের কাছি'—

কী এক আশ্চর্য ঘোরলাগা আবেশে সুপ্রীতিদি তখন শরদিন্দুদার দুটি হাতে হাত রেখে বলে ওঠে অস্ফুট স্বরে...

"মৃত্যুর মুখে দাঁড়ায়ে জানিব— তুমি আছ, আমি আছি!" ১৫

২। (ক) তোমার কলেজের বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান উপলক্ষ্যে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১৫

*অথবা*

(খ) বিজ্ঞাপনের উদ্দেশ্য উল্লেখ করো। ছাপামাধ্যম ও বৈদ্যুতিন মাধ্যমের জন্য একটি করে সার্থক বিজ্ঞাপনের খসড়া তৈরি করো। ৫+(৫+৫)

৩। (ক) সাহিত্য অবলম্বনে একটি চলচ্চিত্র প্রস্তুত হতে পারে, কিন্তু একটি লিখিত সাহিত্যকে কখনো হুবহু চলচ্চিত্রে রূপায়িত করা যায় না, তার জন্য বোঝা দরকার চলচ্চিত্রের নিজস্ব ভাষারীতি।— বিষয়টি বিশ্লেষণ করো। ১৫

*অথবা*

(খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' উপন্যাসটির সঙ্গে সত্যজিৎ রায়ের 'পথের পাঁচালী' চলচ্চিত্রটির একটি তুলনামূলক পর্যালোচনা করো। ১৫

৪। (ক) ছোটগল্প কাকে বলে? ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ১+৪

*অথবা*

(খ) চিত্রনাট্য রচনার সময় প্রতিটি দৃশ্যের সূচনায় কোন কোন বিষয়ের উল্লেখ অবশ্যই করতে হয়, তা লেখো। ৫

৫। (ক) সম্পাদকীয় প্রতিবেদন বলতে কী বোঝো? এই জাতীয় প্রতিবেদন রচনায় ভাষার ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ২+৩

*অথবা*

(খ) বিজ্ঞাপনের শ্রেণিগুলি উল্লেখ করে যে-কোনো একপ্রকার বিজ্ঞাপন সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) সাহিত্য ও চলচ্চিত্রের সাদৃশ্যগুলি উল্লেখ করো। ৫

*অথবা*

(খ) 'বাড়ি থেকে পালিয়ে'— ছবির প্রথম দৃশ্য অবলম্বনে বালক কাঞ্চনের সঙ্গে তার বাবা ও মায়ের সম্পর্কটি সংক্ষেপে বুঝিয়ে দাও। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'তিনকন্যা' চলচ্চিত্রটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কোন গল্প অবলম্বনে রচিত?

(খ) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রটি কবে মুক্তি পায়?

(গ) 'ক্ষুধিত পাষাণ' সিনেমার পরিচালক কে ছিলেন?

(ঘ) সত্যজিৎ রায় পরিচালিত রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস অবলম্বনে নির্মিত একটি চলচ্চিত্রের নাম লেখো।

(ঙ) 'পথের পাঁচালী' সিনেমাটির চিত্রগ্রাহক / ক্যামেরাম্যান কে ছিলেন?

(চ) বাংলার প্রথম সবাক চলচ্চিত্র কোনটি?

(ছ) 'দেবী' গল্পটির রচয়িতা কে?

(জ) 'স্ত্রীর পত্র' গল্পটির লেখক কে?

(ঝ) মানবেতর প্রাণীকে কেন্দ্র করে শরৎচন্দ্রের লেখা একটি ছোটগল্পের নাম লেখো।

(ঞ) তেভাগা আন্দোলন নিয়ে রচিত মানিক বন্দ্যোপাধ্যায়ের একটি ছোটগল্পের নাম লেখো।

(ট) 'শেষ হয়েও হইলো না শেষ'— এটি কথাসাহিত্যের কোন প্রকরণের বৈশিষ্ট্য?

(ঠ) 'সাক্ষাৎকার'-এর ইংরেজি প্রতিশব্দ কী?

(ড) প্রতিবেদক কাকে বলে?

(ঢ) কমার্শিয়াল বিজ্ঞাপনের সাধারণ লক্ষ্য কী?

(ণ) 'কি লিখি কেন লিখি' গ্রন্থটির লেখক কে?